# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৯৬০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ উল্লেখিত বাক্যটি মাহফূয বা সহীহ নয় মর্মে দ্বিতীয় হাদীস

## ذِكْرُ خَبَرٍ ثَانٍ يُصَرِّحُ بِأَنَّ اللَّفْظَةَ الَّتِي ذَكَرْنَاهَا غَيْرُ مَحْفُوظَةٍ

---

আরবী

1960 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا حُسَيْنُ بْنُ عَلِيٍّ الْجُعْفِيُّ عَنِ الْحَسَنِ بْنِ الْحُرِّ عَنِ الْقَاسِمِ بْنِ مُخَيْمِرَةَ قَالَ: أَخَذَ بِيَدِي عَلْقَمَةُ بْنُ قَيْسٍ قَالَ: أَخَذَ بِيَدِي عَبْدُ اللَّهِ بْنُ مَسْعُودٍ قَالَ: أَخَذَ بِيَدِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فعلَّمني التَّشَهُّدَ: (التَّحِيَّاتُ لِلَّهِ وَالصَّلَوَاتُ وَالطَّيِّبَاتُ السَّلَامُ عَلَيْكَ أَيُّهَا النَّبِيُّ وَرَحْمَةُ اللَّهِ وَبَرَكَاتُهُ السَّلَامُ عَلَيْنَا وَعَلَى عِبَادِ اللَّهِ الصَّالِحِينَ أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ)
قَالَ الْحَسَنُ بْنُ الْحُرِّ: وَزَادَنِي فِيهِ مُحَمَّدُ بْنُ أَبَانَ بِهَذَا الْإِسْنَادِ قَالَ: فَإِذَا قُلْتَ هذا فإن شئت فَقُمْ
الراوي : عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1960 | خلاصة حكم المحدث: شاذ بزيادة: ((إذا قلت ... )) , والصواب أنه من قول ابن مسعود ـ ((صحيح أبي داود)) (891)
قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: مُحَمَّدُ بْنُ أَبَانَ ضَعِيفٌ قَدْ تَبَرَّأْنَا مِنْ عُهْدَتِهِ فِي كِتَابِ ((الْمَجْرُوحِينَ)).

বাংলা

১৯৬০. আব্দুল্লাহ বিন মাস'উদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তার হাত ধরে তাকে তাশাহহুদ শিক্ষা দেন: التَّحِيَّاتُ لِلَّهِ وَالصَّلَوَاتُ وَالطَّيِّبَاتُ السَّلَامُ عَلَيْكَ أَيُّهَا النَّبِيُّ وَرَحْمَةُ اللَّهِ وَبَرَكَاتُهُ السَّلَامُ عَلَيْنَا وَعَلَى عِبَادِ اللَّهِ الصَّالِحِينَ أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ

وَرَسُوْلُهُ (সমস্ত অভিবাদন, সালাত ও পবিত্র জিনিস আল্লাহর জন্য। হে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনার প্রতি বর্ষিত হোক আল্লাহর রহমত, বরকত ও সালাত। শান্তি বর্ষিত হোক আমাদের উপর এবং আল্লাহর সৎ বান্দাদের উপর। আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বূদ নেই, আমি আরো সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর বান্দা ও তাঁর রাসূল)।"

হাসান বিন হুর্র রহিমাহুল্লাহ বলেন, "এই সানাদে মুহাম্মাদ বিন আবান আরেকটু বৃদ্ধি করেছেন: "যখন তুমি এটা বলবে, তখন তুমি চাইলে উঠে যেতে পারো।"[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "মুহাম্মাদ বিন আবান দুর্বল রাবী। আমরা আমাদের 'মাজরূহীন' কিতাবে তার থেকে সম্পূর্ণরূপে দায়মুক্তি ঘোষনা করেছি।"

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১/৪২২; আবূ দাউদ: ৯৭০; দারেমী: ১/৩০৯; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/২৭৫; দারাকুতনী: ১/৩৫৩; তাবারানী আল কাবীর: ৯৯২৫; আত তায়ালিসী: ২৭৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটির "যখন তুমি এটা বলবে..." এই অংশটুকুসহ শায বা দুর্বল বলেছেন। এটি আব্দুল্লাহ বিন মাস'ঊদ রাদ্বিয়াল্লাহু আনহুর কথা হিসেবে সহীহ।" (সহীহ আবূ দাঊদ: ৮৯১)

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91277

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন